অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রাজ্যের পানির পরিকাঠামো ঋণ কর্মসূচীর জন্য নতুন পরিবেশ বিচার ব্যবস্থার প্রস্তাব করেছেন

দূষণ এবং পরিবেশগত চ্যালেঞ্জ দ্বারা প্রভাবিত অসমানুপাতিকভাবে ভারাক্রান্ত সম্প্রদায়গুলির অগ্রাধিকার বিবেচনা করে

অভিপ্রেত ব্যবহারের পরিকল্পনারপ্রস্তাব সকল সম্প্রদায়ের প্রতি ন্যায্য আচরণ নিশ্চিত করবে; এনভায়রনমেন্টাল জাস্টিস বেনিফিট সহ পানির পরিকাঠামোপ্রকল্প শূন্য-সুদ ঋণ পেতে পারে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কের অর্থায়ন সরঞ্জামে প্রস্তাবিত পরিবর্তনের কথা ঘোষণা করেছেন যা পানি পরিকাঠামোর প্রকল্পের জন্য পরিবেশ ন্যায়বিচার এলাকাগুলিকে অগ্রাধিকার দেবে। এই পরিবর্তন নিম্ন আয়ের সম্প্রদায় এবং কৃষ্ণাঙ্গ সম্প্রদায়গুলি যারা যা সবচেয়ে খারাপ পরিবেশগত প্রভাব বহন করেছেন, এবং যে ঐতিহাসিক বৈষম্যের সম্মুখীন হন, সেগুলির মোকাবেলা করতে সাহায্য করবে। এই সংস্থানগুলি বিদ্যমান পানি পরিকাঠামোর সমস্যা ঠিক করবে এবং ভবিষ্যতে এগুলি প্রতিরোধ করবে আরো বেশি সংখ্যক পৌরসভাকে খরচ সাশ্রয়ী আর্থিক সাহায্যের যোগ্য করে তুলে যা তাদেরকে গুরুত্বপূর্ণ পরিষ্কার এবং পানীয় পানির প্রকল্পের সুযোগ করে দেবে।

"রাজ্য এবং স্থানীয় সরকার সহ প্রত্যেকেরই পুনর্বিবেচনা করার একটি বাধ্যবাধকতা আছে কিভাবে আমাদের কাজ নেতিবাচক পরিবেশগত প্রভাব সৃষ্টি করতে পারে যা নিম্ন আয়ের এবং অনগ্রসর সম্প্রদায়কে প্রভাবিত করতে পারে," **গভর্নর কুওমো বলেন।** "এই সংস্থানগুলির জন্য এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিগুলিকে অগ্রাধিকার দেওয়া পৌরসভাগুলোকে আর্থিক চ্যালেঞ্জগুলো কাটিয়ে উঠতে সাহায্য করবে যাতে প্রত্যেক নিউ ইয়র্কবাসী নিরাপদ পান করার পানি পান এবং তা বিনোদনের জন্য পরিচ্ছন্ন হয় তা নিশ্চিত করা যায়।"

নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC), রাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এবং স্বাস্থ্য বিভাগের (Department of Health) সহযোগিতায়, বিশুদ্ধ পানি রাজ্য আবর্তনশীল ফান্ড (Clean Water State Revolving Fund, CWSRF) এবং পানীয় পানি রাজ্য আবর্তনশীল ফান্ড (Drinking Water State Revolving Fund, DWSRF) প্রদান করে যাতে শূণ্য এবং কম সুদের ঋণ প্রদান করা যায় রাজ্য জুড়ে গুরুত্বপূর্ণ পানি এবং পানীয় পানির

পরিকাঠামোর প্রকল্পগুলিকে। এই প্রকল্পের মধ্যে রয়েছে নর্দমা নির্মাণ, বর্জ্য পানির শোধনাগার, পানি সঞ্চয় ট্যাংক, পানি বন্টন ব্যবস্থা, এবং পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষার জন্য পানি শোধনাগার ব্যবস্থা।

রাজ্য CWSRF এবং DWSRF প্রোগ্রাম সংশোধন করছে নিম্ন আয়ের সম্প্রদায় এবং কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের জন্য অতিরিক্ত বিবেচনা অন্তর্ভুক্ত করার জন্য যারা ঐতিহাসিকভাবে দূষণ এবং অন্যান্য পরিবেশগত চ্যালেঞ্জ দ্বারা ভারাক্রান্ত হয়েছে এবং পরিবেশ ন্যায়বিচার সম্প্রদায়ের বাসিন্দাদের সেবা কারী আরো এলাকায় শূন্য সুদে আর্থিক সহায়তা উপলব্ধ করবে। প্রতি বছর, এনভায়রনমেন্টাল ফেসিলিটিজ কর্পোরেশন (EFC) ফেডারেল আর্থিক বছরের অভিপ্রেত ব্যবহারের পরিকল্পনার খসড়া প্রকাশ করে জনসাধারণের পর্যালোচনা এবং মন্তব্যের জন্য যা নিউ ইয়র্কের আবর্তনশীল ঋণ তহবিল কর্মসূচী সম্পর্কে তথ্য প্রদান করে। অভিপ্রেত ব্যবহারের পরিকল্পনাগুলির (Intended Use Plan, IUP) মধ্যে রয়েছে উপলব্ধ আর্থিক সহায়তার ধরন, স্টেট রিভল্বিং ফান্ডের (State Revolving Fund) প্রতিটি তহবিলের উৎস এবং ব্যবহার, এবং আর্থিক বছর 2021 এর আর্থিক সহায়তার জন্য যোগ্য পরিকাঠামো।

2021 সালের খসড়া IUP এর মধ্যে রয়েছে এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিতে পানি পরিকাঠামো উন্নতিসাধন উৎসাহিত করার সংশোধনী। যে সব প্রকল্পগুলি প্রাথমিকভাবে এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিগুলিকে উপকৃত করে তারা SRF হার্ডশিপ নীতি (SRF Hardship Policies) অনুযায়ী শূন্য সুদের অর্থায়নের যোগ্য হবে। উপরন্তু, FFY 2021 থেকে শুরু করে, সকল পৌরসভা যারা তাদের পানি পরিকাঠামো প্রকল্পের জন্য SRF আর্থিক সহায়তা চায়, তাদের প্রয়োজনীয় প্রকৌশল প্রতিবেদনের অংশ হিসেবে এনভায়রনমেন্টাল জাস্টিস সম্প্রদায়ের উপর তাদের প্রস্তাবিত প্রকল্পের প্রভাব বিবেচনা করতে হবে।

EFC জনগণের মন্তব্যের জন্য সংশোধিত SRF হার্ডশিপ নীতি প্রকাশ করেছে যা আরো বেশি সম্প্রদায়কে পানি পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য শূন্য সুদের অর্থায়নে প্রবেশ করতে সক্ষম করবে। যে সব পৌরসভাগুলি অন্যথায় হার্ডশিপ অর্থায়নের যোগ্য হবে না, তারা যোগ্য হবে যদি তাদের প্রকল্প পরিবেশ বিচারের সম্প্রদায়কে সেবা, সুরক্ষা বা সুবিধা প্রদান করে। তাদের প্রস্তাবিত পানি পরিকাঠামো প্রকল্প একটি তৃতীয় পক্ষের স্বাধীন পেশাদার প্রকৌশলী দ্বারা পর্যালোচনা করা হবে যা প্রকল্পের মান বিসর্জন ছাড়া খরচ কমানো যাবে কিনা তা নির্ধারণ করতে প্রকল্পের একটি ভ্যালু ইঞ্জিনিয়ারিং মূল্যায়ন অন্তর্ভুক্ত করা হবে এবং নিশ্চিত করতে যে প্রকল্পের খরচ বা প্রকল্পের পরিধি একটি সনাক্ত করা এনভায়রনমেন্টাল জাস্টিস এলাকার অন্তত 50 শতাংশকে পরিষেবা প্রদান করে, সুরক্ষিত রাখে, বা লাভবান করে। নিশ্চিত করা হলে, একটি পৌরসভা প্রকল্পটি বাস্তবায়নের জন্য শূন্য সুদ অর্থায়নের যোগ্য হবে। বর্তমান বাজার পরিস্থিতি নির্দেশ করে যে কমিউনিটিগুলি অর্থায়নের মেয়াদে প্রায় 27 শতাংশ সংরক্ষণ করতে পারে।

EFC বোর্ডের চেয়ারম্যান এবং DEC কমিশনার বাসিল সেগগোস বলেন, "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা করা, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা, বাতাসের মান উন্নয়ন করা, অথবা পরিকাঠামো ঠিক করা হল কয়েকটি ক্ষেত্র যেখানে আমাদের রাজ্য সবার জন্য উন্নত সম্প্রদায়

উন্নয়নের উদ্দেশ্যে নেতৃত্ব দিচ্ছে। গভর্নর কুওমো নিউ ইয়র্কের অনেক কর্মসূচী এবং উদ্যোগ জুড়ে পরিবেশ ন্যায়বিচারকে অগ্রাধিকার দেওয়ার অঙ্গিকারবদ্ধতা প্রদর্শন করা অব্যাহত রেখেছেন।"

EFC এর ভারপ্রাপ্ত সভাপতি, চিফ এক্সিকিউটিভ অফিসার এবং জেনারেল কাউন্সেল মরিন কোলম্যান বলেন, "নিউ ইয়র্ক স্টেট দেশের বৃহত্তম স্টেট রিভলভিং ফান্ড প্রোগ্রাম পরিচালনা করে। এই প্রোগ্রাম গুরুত্বপূর্ণ পানি পরিকাঠামো সমর্থন করার জন্য রাজ্যের পৌরসভাগুলিকে বার্ষিক 1.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করে। এই ঘোষণাটি নিউ ইয়র্কের রিভলভিং ফান্ড যাতে রাজ্যের সব চেয়ে অনগ্রসর সম্প্রদায়গুলিকে সমর্থন করে তা নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "যেহেতু নিউ ইয়র্কের সকল সম্প্রদায়ের জন্য বিশুদ্ধ পানীয় জলের সহজলভ্যতা নিশ্চিত করা রাজ্যের জন্য একটি প্রধান জনস্বাস্থ্যের অগ্রাধিকার, আমরা সম্প্রতি PFOA এবং PFOS এবং 1,4-ডাইঅক্সিন, যা দশকের পর দশক ধরে চলা শিল্প দূষণের অবশিষ্ট অংশ বঞ্চিত এলাকাগুলিতে, তার ক্ষেত্রে সম্প্রতি কঠোর এবং অভূতপূর্ব মান অবলম্বন করেছি। এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিতে পানীয় জল এবং বর্জ্য পানির পরিকাঠামো উন্নয়নের জন্য তহবিলকে অগ্রাধিকার দিলে এই সব পৌরসভাগুলোকে এই সব চ্যালেঞ্জ মোকাবেলায় সমান অবস্থানে নিয়ে আসবে যখন আমরা নিউ ইয়র্কের আক্রমণাত্মক জনগণ এবং পরিবেশগত স্বাস্থ্যের এজেন্ডা নিয়ে অগ্রসর হব।"

EFC এবং DOH বুধবার আগস্ট 19, 2020, সকাল 10-টায় CWSRF এবং DWSRF IUPগুলির খসড়াগুলিপর্যালোচনা এবং অংশগ্রহণকারীদের প্রশ্নের উত্তর দিতে একটি ওয়েবিনারের আয়োজন করবেন এবং DOH বুধবার সেপ্টেম্বর 2, 2020-তে দুপুর 2টা থেকে একটি ভার্চুয়াল সর্বজনিন শুনানির আয়োজন করবে জনসাধারণের মন্তব্য গ্রহণ করতে খসড়া IUPগুলি সম্পর্কে। খসড়া IUPগুলি সম্পর্কে লিখিত মন্তব্যগুলি অবশ্যই সেপ্টেম্বর 21, 2020 তারিখের বিকেল 5টার মধ্যে জমা দিতে হবে। প্রস্তাব, মিটিং, শুনানি, এবং জনগণের মন্তব্য জমা দেওয়ার বিস্তারিত বিবরণ পাওয়া যাবে এখানে: https://www.efc.ny.gov/

গভর্নরের পরিচ্ছন্ন পানির প্রতি অঙ্গিকারবদ্ধতা সম্প্রতি প্রদর্শিত হয়েছে দেশের প্রথম পানীয় পানির মানের জন্য যা উদীয়মান দূষকের সাথে সম্পর্কিত, যা হল 1,4-ডাইঅক্সেন, এই মান 1,4-ডাইঅক্সেনের জন্য সর্বোচ্চ দূষকের মাত্রা রেখেছে 1 পার্ট প্রতি বিলিয়ন। গভর্নর নিউ ইয়র্কের পানীয় পানিতে উদীয়মান দূষণকারী PFOA এবং PFOS-এর জন্য সর্বোচ্চ দূষণের মাত্রা ঘোষণা করেছেন, যা প্রতি ট্রিলিয়নে ১০টি অংশ যা PFOA এবং PFOS-এর জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সর্বনিম্ন। তহবিল পরিষ্কার পানি পরিকাঠামো আইনের (Clean Water Infrastructure Act) মাধ্যমে নিউ ইয়র্ক জুড়ে পানির মান সুরক্ষার জন্য 3.5 বিলিয়ন মার্কিন ডলার এবং পরবর্তী বাজেটে 1 বিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করেছে, পানির পরিকাঠামো উন্নয়ন আইনের (Water Infrastructure Improvement Act) মাধ্যমে 350 মিলিয়ন মার্কিন ডলার এবং আন্তঃপৌর পানি পরিকাঠামো অনুদান কর্মসূচীতে (Intermunicipal Water Infrastructure Grants Program) 60 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করেছে। পরিবেশ ন্যায়বিচারের প্রতি নিউ ইয়র্কের চলমান অঙ্গীকার

জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) দ্বারা তুলে ধরা হয়েছে, যা বাতাস, সৌর, জ্বালানী দক্ষতা এবং শক্তি সঞ্চয়ের মত পরিষ্কার শক্তি সমাধানে বিনিয়োগকে চালিত করে এবং নিশ্চিত করে যে পরিষ্কার জ্বালানী বিনিয়োগের অন্তত 40 শতাংশ অনগ্রসর এবং নিম্ন থেকে মাঝারি আয়ের সম্প্রদায়গুলিকে সুবিধা প্রদান করে। সম্প্রতি, 10.6 মিলিয়ন মার্কিন ডলার বঞ্চিত নিউ ইয়র্কবাসীদের পরিচ্ছন্ন, সাশ্রয়ী এবং নির্ভরযোগ্য সৌর শক্তি প্রদান করতে সাহায্য করার জন্য উপলব্ধ করা হয়েছে, যা গত মাসেই গভর্নরের ঘোষণা করা এক উদ্যোগের অংশ যার উদ্দেশ্য বৈদ্যুতিক যানবাহন ব্যবহার করা ত্বরান্বিত করা, এটি 701 মিলিয়ন মার্কিন ডলারের 206 মিলিয়ন মার্কিন ডলার নিম্ন-আর্থ-সামাজিক ও অনগ্রসর সম্প্রদায়ের জন্য বরাদ্দ করেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন